# বিএভিএস

প্রশাসকের কার্যালয়
(স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ)
৭/৫/১, মেইন রোড, মিরপুর-২, ঢাকা-১২১৬।
www.bavs.gov.bd

স্মারক নং- বিএভিএস/প্রশাসন/২০২৪-২০২৫/০৭

তারিখ: ২৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারী ২০২৫ খ্রি:

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মো: ওয়ালী উল্লাহ, অফিস সহকারী, বিএভিএস প্রধান কার্যালয়ে কর্মরত আছেন। আপনার বিরুদ্ধে নিম্নলিখিত অভিযোগসমূহ উত্থাপিত হয়েছে:

১। আপনি জনাব মো: ওয়ালী উল্লাহ, অফিস সহকারী, বিএভিএস প্রধান কার্যালয়ে গত ০৫/০২/২০২৫ খ্রি: তারিখে শাখা থেকে আগত কর্মচারীদের সাথে সম্পৃক্ত হয়ে প্রশাসকের সাথে অসদাচরণ/অমার্জিত আচরণ করেন। যা চাকুরি বিধিমালার সম্পূর্ণ পরিপন্থী,

২। গত ০৫/০২/২০২৫ খ্রি: তারিখে মাঠ পর্যায় থেকে ম্যানেজার ও বিভিন্ন কার্যালয়ের কর্মচারীদের একত্রিত করে বিএভিএস অফিসে প্রশাসকের কক্ষ অবরোধসহ প্রত্যক্ষ ও সক্রিয়ভাবে কর্মচারীদের উত্তেজিত করে প্রশাসকের দরজা ভাঙ্গাসহ ধ্বংসাত্মক কাজে সরাসরি সম্পৃক্ত থেকে সহিংস ঘটনার অবতরণা করেছেন যা ফৌজদারি অপরাধও বটে। যা সরাসরি সরকারী চাকুরি বিধির সম্পূর্ণ পরিপন্থী,

৩। আপনি সর্বোপরি বিএভিএস কার্যালয়ে কর্মচারীদের উত্তেজিত করে সেবা প্রদান সম্পূর্ণ ব্যাহত করে অন্যায়ভাবে বেআইনি সমাবেশ ও ধ্বংসাত্মক কার্যক্রম বজায় রাখছেন। প্রতিনিয়ত বিএভিএস শাখা কার্যালয়সহ সকল কর্মচারীদের বিভিন্ন দাবি-দাওয়ার প্রেক্ষিতে দাপ্তরিক নিয়ম বর্হিভূতভাবে প্ররোচণা দিচ্ছেন এবং এ ধরনের কার্যকলাপ অব্যাহত রাখছেন। প্রশাসক কর্তৃক আপনাকে মৌখিকভাবে সতর্ক করা হলেও আপনি প্ররোচণা দেয়া ও উত্তেজিত করা অব্যাহত রাখছেন। আপনার সার্বিক আচরণ বিএভিএস কার্যালয় তথা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের জন্য হুমকিস্বরূপ ও সরকারী সেবা প্রদান তথা জনস্বার্থের সম্পূর্ণ পরিপন্থী,

আপনার এহেন দপ্তর ও জনস্বার্থ বিরোধী কার্যকলাপের জন্য আপনাকে কেন বিএভিএস, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের কর্ম হতে স্থায়ীভাবে বরখাস্ত করা হবেনা, তা পত্র প্রাপ্তির তিন (০৩) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৯.০২.২৫

মাজহারুল ইসলাম
প্রশাসক (উপসচিব)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়।

মো: ওয়ালী উল্লাহ
অফিস সহকারী
বিএভিএস প্রধান কার্যালয়।

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. জনাব মোহাম্মদ আবদুস সালাম খান, অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৩. জনাব মো: মাহবুব আলম, অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ,স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৪. সকল কর্মকর্তা-কর্মচারী, বিএভিএস, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৫. অফিস কপি।

CS Scanned with CamScanner